# বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)

৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২

বিসিপিএস নং-৫৩৩/২০২২/১৯৩৯০

তারিখঃ ২০-০৯-২০২০ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)-এর নিম্নবর্ণিত শূন্য পদ সমূহে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স | বেতনক্রম (জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক) |
|---|---|---|---|---|---|
| ১. | সিনিয়র সিস্টেম এনালিস্ট (১ম শ্রেণি) | ০১ | (১) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিদ্যা / ফলিত পদার্থ বিদ্যা / গণিত / পরিসংখ্যান / বিজনেস এডমিনিস্ট্রেশন / কম্পিউটার বিজ্ঞান-এ স্নাতকোত্তর ডিগ্রি ।<br>(২) আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স, অবজেক্ট ওরিয়েন্টেড প্রোগ্রামিং এবং ক্লাউড কম্পিউটিং সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা ।<br>(৩) স্বীকৃত আন্তর্জাতিক জার্নালে কমপক্ষে ০১টি প্রকাশিত পাবলিকেশন এবং বর্তমান কম্পিউটার জগতে নতুন কোন টেকনোলজি সংযোজন অথবা পরিকল্পনা প্রণয়ন সম্পর্কে বাস্তব প্রমাণ উপস্থাপিত হতে হবে ।<br>(৪) সিস্টেম এনালিস্ট হিসাবে কমপক্ষে ০৫ বছরের অভিজ্ঞতা ।<br>(৫) স্বীকৃত কম্পিউটার সোসাইটির ন্যূনতম সহযোগী সদস্য । | অনূর্ধ্ব ৫০ বছর | ৫০০০০- ৭১২০০/- |
| ২. | প্রোগ্রামার (১ম শ্রেণি) | ০১ | (১) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিদ্যা/ফলিত পদার্থ বিদ্যা/গণিত/ পরিসংখ্যান/ কম্পিউটার বিজ্ঞান-এ স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী ।<br>(২) সি++, জাভা, ওরাকল, এসকিউএল, মোবাইল এপি-কেশন এবং পি এইচ পি-তে অভিজ্ঞতা সম্পন্ন ।<br>(৩) সহকারী প্রোগ্রামার হিসেবে কমপক্ষে ০৫ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা ।<br>(৪) স্বীকৃত কম্পিউটার সোসাইটির ন্যূনতম সহযোগী সদস্য । | অনূর্ধ্ব ৩৫ বছর | ৩৫৫০০- ৬৭০১০/- |
| ৩. | সহকারী প্রোগ্রামার (১ম শ্রেণি) | ০১ | (১) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিদ্যা / ফলিত পদার্থবিদ্যা / গণিত / পরিসংখ্যান / কম্পিউটার বিজ্ঞান-এ স্নাতক / স্নাতকোত্তর ডিগ্রী ।<br>(২) ওরাকল, ডাটাবেস এডমিনিস্ট্রেটর, পিএইচপি-তে বাস্তব অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে ।<br>(৩) স্বীকৃত কম্পিউটার সোসাইটির ন্যূনতম সহযোগী সদস্য । | অনূর্ধ্ব ৩০ বছর | ২২০০০-৫৩০৬০/- |
| ৪. | মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (১ম শ্রেণি) | ০১ | (১) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিদ্যা / ফলিত পদার্থ বিদ্যা / গণিত / পরিসংখ্যান / কম্পিউটার বিজ্ঞান-এ স্নাতক ডিগ্রী অথবা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক অথবা ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রি ।<br>(২) সার্ভার, মিরর সার্ভার , ক্লাউড ইনস্টলেশন, ডাটাবেস সার্ভার এডমিনিস্টেটর সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে ।<br>(৩) স্বীকৃত কম্পিউটার সোসাইটির ন্যূনতম সহযোগী সদস্য । | অনূর্ধ্ব ৩০ বছর | ২২০০০-৫৩০৬০/- |

## প্রার্থীদের জন্য পালনীয় শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয় সমূহ

(১) উল্লিখিত পদ সমূহে আবেদনকারীগণকে সাদা কাগজে **"সচিব, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস), ৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২"** বরাবর আবেদন করতে হবে ।

(২) আবেদনপত্রে আবেদনকারীর পূর্ণ জীবন বৃত্তান্ত যথা: (ক) প্রার্থীর পূর্ণ নাম বাংলায় ও ইংরেজীতে (Capital Letter), (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) পদের নাম (ঙ) স্থায়ী ঠিকানা, (চ) বর্তমান ঠিকানা, (ছ) জন্ম তারিখ, (জ) ১০-১০-২০২২ খ্রিঃ তারিখে বয়স (ঝ) ধর্ম, (ঞ) জাতীয়তা, (ট) শিক্ষাগত যোগ্যতা, (ঠ) অভিজ্ঞতার বিবরণ (ড) জাতীয় পরিচয়পত্রের নম্বর (ঢ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর এবং (ণ) মোবাইল/ফোন নম্বর উল্লেখ করতে হবে । আবেদনপত্রে অবশ্যই প্রার্থীর স্বাক্ষর থাকতে হবে এবং প্রত্যেকটি ছবির পেছনে প্রার্থীর নাম থাকা আবশ্যক ।

(৩) প্রার্থীগণকে আবেদনপত্রের সাথে (ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের নিকট হতে নাগরিকত্বের সনদপত্র (ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩ (তিন) কপি ছবি এবং (ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে ।

(৪) কোন বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের অধীন কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের গ্রেড প্রাপ্ত আবেদনকারীর আবেদন গ্রহণযোগ্য নয় ।

(৫) শিক্ষাগত যোগ্যতা থাকার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষায় অ্যাপিয়ার্ড প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না ।

(৬) চাকুরীতে নিয়োজিত অথবা বিভাগীয় প্রার্থীদেরকে অবশ্যই স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে । আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না ।

(৭) আবেদনকারীকে খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে । একজন আবেদনকারী একাধিক পদের জন্য আবেদন করতে পারবেন না ।

(৮) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসাবে চাকুরী প্রার্থীদের মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সংক্রান্ত সার্টিফিকেট (যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সচিব এবং মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপদেষ্টা কর্তৃক যথাক্রমে স্বাক্ষরিত এবং প্রতি স্বাক্ষরিত/ ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতি স্বাক্ষরিত)-এর সত্যায়িত কপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে ।

(৯) **"সচিব, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্"**-এর অনুকূলে ক্রমিক নং ১ ও ২ পদ সমূহে ১০০০/- টাকার এবং ৩ ও ৪ পদ সমূহে ৫০০/- টাকার (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে ।

(১০) প্রার্থীর আবেদনপত্র খাম বন্ধ অবস্থায় অবশ্যই রেজিষ্ট্রি ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে অথবা ব্যক্তিগতভাবে সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী ১০-১০-২০২২ খ্রিঃ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে পৌঁছাতে হবে । উক্ত তারিখ বা সময়ের পরে ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরিত আবেদনপত্র গ্রহণযোগ্য হবেনা ।

(১১) প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে পরীক্ষার জন্য ডাকা হবে । অসত্য/ভুয়া তথ্য সম্বলিত/অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণভাবে পূরণকৃত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল করা যাবে । আবেদনপত্র যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে ।

(১২) বিভাগীয় প্রার্থী নিয়োগের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য ।

**(অধ্যাপক মোঃ বিল্লাল আলম)**
অনারারি সচিব
বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)

স-২২০৩ (১০×৪)